

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬৬২

পর্ব - ৫% সিয়াম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ লাগাতার (ইফতার না করে) সাওম রাখার বিধান

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ \_ رضي الله عنه \_ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ عَنِ الْوصَالِ, فَقَالَ رَجُلُ مِنَ الْمُسْلِمِينَ: فَإِنَّكَ يَا رَسُولَ اللَّهِ تُوَاصِلُ? قَالَ: «وَأَيُّكُمْ مِثْلِي? إِنِّي أَبِيتُ يُطْعِمُنِي رَبِّي وَيَسْقِينِي». فَلَمَّا أَبُوْا أَنْ يَنْتَهُوا عَنِ الْوصَالِ وَاصلَ بِهِمْ مِثْلِي? إِنِّي أَبِيتُ يُطْعِمُنِي رَبِّي وَيَسْقِينِي». فَلَمَّا أَبُوْا أَنْ يَنْتَهُوا عَنِ الْوصَالِ وَاصلَ بِهِمْ يَوْمًا, ثُمَّ رَأَوُا الْهِلَالَ, فَقَالَ: «لَوْ تَأَخَّرَ الْهِلَالُ لَزِدْتُكُمْ»، كَالْمُنكِّلِ لَهُمْ حِينَ أَبَوْا أَنْ يَنْتَهُوا. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. روه البخاري (1965)، ومسلم (1103)

#### বাংলা

৬৬২। আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ইফতার না করে লাগাতার সওম রেখো না। তখন মুসলিমদের মধ্য হতে জনৈক ব্যক্তি বলে উঠলো: হে আল্লাহর রসূল! আপনি তো ইফতার না করে লাগাতার সওম রাখেন। উত্তরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের মধ্যে আমার মত কে আছ? আমি রাত কাটাই তাতেই আমার রব আমাকে খাওয়ান ও পান করান। কিন্তু তাঁরা লাগাতার সওম রাখা থেকে বিরত হলো না। ফলে তাদের সঙ্গে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও দু'দিন অথবা (বর্ণনাকারী বলেছিলেন) দু' রাত লাগাতার সওম রাখলেন। এরপর তারা নতুন চাঁদ দেখতে পেলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যদি চাঁদ (আরও কয়েক দিন) দেরী করে উঠত, তাহলে আমিও (লাগাতার সওম রেখে) তোমাদের সওমের সময়কে বাড়িয়ে দিতাম, তাদেরকে দৃষ্টান্তমূলক শান্তি দেয়ার জন্য। (বিসাল অর্থ পানাহার না করেই বিরতিহীনভাবে সওম পালন করা)[1]

## **English**



Abu Hurairah (RAA) narrated, The Messenger of Allah (ﷺ) forbade us from practicing wisal in fasting (i.e. fasting continuously without breaking one's fast in the evening or eating before the following dawn). So a man said to him, 'But you practice wisal O Messenger of Allah!' The Prophet Allah (ﷺ) replied, "Which one of you is like me? I am given food and drink during my sleep by Allah." So when people refused to stop wisal, the Prophet fasted day and night continuously along with them for a day and then another day and then they saw the crescent (of the new month of Shawwal). The Prophet said to them, "If the crescent had not appeared, I would have made you fast for a longer period." That was a punishment for them because they refused to stop (practicing Wisal). Agreed upon.

### ফুটনোট

[1] বুখারী ৬৭০১, মুসলিম ১৬৪২, তিরমিয়ী ১৫২৭, নাসায়ী ৩৮৫২, ৩৮৫৩, ৩৮৫৪, আবূ দাউদ ২৩০১, আহমাদ ১১৬২৭, ১১৭১৭, ১২৪৭৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন